

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০২৪.৩৫.০০১.১৭. ৬০৪

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৪
১৬ নভেম্বর ২০১৭

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ১ম কংক্রিট ঢালাই কাজের শুভ সূচনা অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশনে সরাসরি সম্প্রচারের সময় তা বড় পর্দায় প্রদর্শন।

সূত্র: সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর গত ১৪ নভেম্বর ২০১৭ তারিখের আধা সরকারি পত্র নং- ৩৯.০০.০০০০.০১৯.২৩.০৭
৫.১৭.৪৫৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত আধা-সরকারি পত্রের অনুলিপি এসাথে প্রেরণ করা হলো। পত্রের আলোকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামী ৩০ নভেম্বর ২০১৭ তারিখ সকাল ১১:০০ টায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম কংক্রিট ঢালাই কাজের শুভ সূচনা অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশনে সরাসরি সম্প্রচারের সময় তা স্ব স্ব উপজেলাধীন উল্লেখযোগ্য স্থানসমূহে বড় পর্দায় প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(আবু সাফিয়াং মুহাম্মদ শাহী দুলা ইসলাম)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সিলেট।
ফোন: ০৮২১-৭২২৭১৬
ই-মেইল: adcietsylhet@yahoo.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

.....
সিলেট।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো।

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট।
৩. গোপনীয় সহকারী, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



জেলা প্রশাসকের কার্যালয় সিলেট	
পত্র.....২২০	তারিখ...২৪/১১/১৯
উপ-পরিচালক (স্থানীয় সরকার)	জরুরী পেশ করুন
অতিরিক্ত জেলা প্রশাসক (রাষ্ট্র)	পেশ করুন
অতিরিক্ত জেলা প্রশাসক	আলাপ করুন
অতিরিক্ত জেলা প্রশাসক (শি. ও উঃ)	নথীভুক্ত করুন
অন্যান্য	

সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডায়েরী নম্বর- ৩৯.০০.০০০০.০১৯.২৩.০৭৫.১৭-৪৫৬
সি.ই. রাহাত,

AIC (৩) (১৫)
২৪/১১/১৯ তারিখ: ১৪ নভেম্বর ২০১৭

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনি জেনে আনন্দিত হবেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আগামী ৩০ নভেম্বর ২০১৭ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম কংক্রিট ঢালাই কাজের শুভ সূচনা করবেন।

২। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ বাঙালি জাতির দীর্ঘ লালিত স্বপ্ন এবং এটি বর্তমান সরকারের একটি যুগান্তকারী অর্জন। প্রথম কংক্রিট ঢালাইয়ের শুভ সূচনার মাধ্যমে বাংলাদেশ পারমাণবিক বিশ্বে পদার্পণ করবে।

৩। সমগ্র জাতিকে এ বিষয়টি অবহিত করার জন্য প্রথম কংক্রিট ঢালাই অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশনে সরাসরি সম্প্রচার করা হবে। সরাসরি সম্প্রচারিত এ অনুষ্ঠানটি আপনার জেলার উল্লেখযোগ্য স্থানসমূহে বড় পর্দায় প্রদর্শনের ব্যবস্থা করা হলে অনেক বেশি সংখ্যক মানুষ অনুষ্ঠানটি দেখার সুযোগ পাবেন। এ প্রেক্ষিতে, সরকারের পক্ষ হতে অনুষ্ঠান সম্প্রচারের বিষয়টি স্থানীয় জনসাধারণকে অবহিত করা একান্তভাবে প্রয়োজন।

৪। বর্ণিতাবস্থায়, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ ও আন্তরিক সহযোগিতা কামনা করছি। আপনার এ সহযোগিতার মাধ্যমে আমরা বর্তমান সরকারের এ বিশাল অর্জন দেশের আপামর জনগণের সামনে তুলে ধরতে সক্ষম হবো ইনশাআল্লাহ।

শুভেচ্ছান্তে,

একান্তভাবে আপনার

২৪/১১/১৯
(মোঃ আনোয়ার হোসেন)

জনাব মোঃ রাহাত আনোয়ার
জেলা প্রশাসক
সিলেট